

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
এফ এম বিভাগ-১

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪২৩.৩১.০৯৩.২৩ নথির বিষয়: বিভিন্ন পাম্পে বোরহোল ক্যামেরা অপারেশন এর জন্য প্রয়োজনীয় খরচের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।
(১ম পর্যায়)

নোট: ১ নোটের বিষয়: বিভিন্ন পাম্পে বোরহোল ক্যামেরা অপারেশন এর জন্য প্রয়োজনীয় খরচের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।(১ম পর্যায়)

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ৫/৯/২৩ ৭:০৬ অপরাহ্ন


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস সার্কেল-১ এর আওতাধীন ৬২০টিরও অধিক পাম্পের যাবতীয় বৈদ্যুতিক ও যান্ত্রিক রক্ষণাবেক্ষণ কাজ এফ.এম.বিভাগ-১ এর মাধ্যমে বাস্তবায়ন করা হয়ে থাকে। পাম্পের ব্রেকডাউন মেরামত কাজের সময় ম্যানুয়ালী স্টেটিক ওয়াটার লেভেল, সাউন্ডিং ইত্যাদি প্যারামিটার পরিমাপ করে পাম্প স্থাপনের জন্য পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করা হয়ে থাকে। যে সকল কূপে সাউন্ডিং সন্তোষজনক নয় এবং বালি পাথর উঠার অভিযোগ রয়েছে সে সকল কূপে আবশ্যিকভাবে বোরহোল ক্যামেরা দ্বারা ভালভাবে কূপের সার্বিক অবস্থা পর্যবেক্ষণ করে পাম্প স্থাপনের পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করতে হয়। নতুবা পাম্প মোটর ব্রেকডাউন হওয়ার ঘটনা পুনরাবৃত্ত হয়ে থাকে। পুনরাবৃত্ত ব্রেকডাউন হওয়ার ঘটনা ঘটলে সংশ্লিষ্ট এলাকায় পানি সরবরাহ বিঘ্নিত হয় এবং এফ.এম.বিভাগ-১ তথা ঢাকা ওয়াসার সুনামও ক্ষুন্ন হওয়ার সম্ভাবনা থাকে। তাছাড়া, যে কোন কূপের সঠিক সমস্যা নির্ণয় করতে পারলে পুনরাবৃত্ত ব্রেকডাউন রোধ করাসহ কর্তৃপক্ষের ব্যাপক আর্থিক সাশ্রয় করা সম্ভব। সম্প্রতি, এফ.এম.বিভাগ-১ এর জন্য সংগ্রহ বিভাগ-১ বোর হোল ক্যামেরা ক্রয় করেছেন। বর্তমানে বোরহোল ক্যামেরাটি এফ.এম.বিভাগ-১ এর বিভাগীয় ভাণ্ডারে সংরক্ষণ রয়েছে এবং প্রয়োজন অনুযায়ী ব্যবহার হচ্ছে। বোরহোল ক্যামেরাটি এফ.এম.বিভাগ-১ এর জন্য সম্পূর্ণ নতুন একটি আইটেম। এই ক্যামেরাটি ব্যয়বহুল এবং সংবেদনশীলও বটে। উল্লেখ্য যে, বোরহোল ক্যামেরাটির প্রধান ৬টি কম্পোনেন্ট এর মধ্যে বিশেষ করে উইল কন্ট্রোল ইউনিট টি অত্যন্ত ভারী। এরূপ পরিস্থিতিতে, ক্যামেরার মালামাল সমূহ গাড়ীতে লোড করা, সাইটে গিয়ে আন-লোড করণ, ক্যামেরা অপারেশন এর জন্য ত্রিপল দিয়ে অস্থায়ীভাবে শেড তৈরিকরণ, ক্যামেরার মালামাল সমূহ এসেসম্বলী করণ, কাজ শেষে সমস্ত মালামাল রি-এসেসম্বলী করে পুনরায় বিভাগীয় ভাণ্ডারে জমাকরণ সহ ইত্যাদি কাজের জন্য আবশ্যিকভাবে ৬(ছয়) জন লোকের প্রয়োজন হয়ে থাকে। বিভাগীয় গাড়ী ব্যবহার করা হলেও বোরহোল ক্যামেরাটি মোবাইলাইজেশন এর জন্য এফ.এম.বিভাগ-১ এ ডেডিকেটেড কোন টিম নাই। প্রায়শঃ আকস্মিকভাবে সিদ্ধান্ত নিয়ে এবং বাহির হতে জনবল নিয়োজিত করে ক্যামেরা অপারেশন এর কাজটি সম্পাদন করার প্রয়োজন হয়ে পড়ে। অতএব, পূর্বের ধারাবাহিকতায় বিভিন্ন পাম্প স্টেশনে বোরহোল ক্যামেরা অপারেশন এর কাজটি ৫(পাঁচ)টি সাইটে সম্পাদন করার জন্য ১ম পর্যায়ে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যাতে টাকার পরিমাণ দাঁড়িয়েছে মোট=২৩,৫০০/- (তেইশ হাজার পাঁচশত) টাকা মাত্র। আলোচ্য কাজের ব্যয়ভার এফ.এম বিভাগ-১ এর ২০২৩-২৪ ইং অর্থ বৎসরের বরাদ্দকৃত বাজেটের পানির পাম্প রক্ষণাবেক্ষণ খাত তথা অনুমোদিত ক্রয়-পরিকল্পনার ক্রমিক নং- ৩৯ হতে নির্বাহ করা হবে।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ৫/৯/২৩ ৭:১১ অপরাহ্ন


এমতাবস্থায়, বিভিন্ন পাম্পে বোরহোল ক্যামেরা অপারেশন এর লক্ষ্যে প্রয়োজনীয় খরচের জন্য ১ম পর্যায়ে প্রাক্কলিত ২৩,৫০০/- (তেইশ হাজার পাঁচশত) টাকা মাত্র পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৮১(১) ধারা মোতাবেক সরাসরি নগদ ক্রয় হিসেবে সম্পাদনের জন্য সদয় অনুমোদন দেয়া যেতে পারে। যা পরবর্তীতে ভাউচারের মাধ্যমে সমন্বয়ের ব্যবস্থা করা হবে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।



৫/৯/২৩ ৭:১৩ অপরাহ্ন
সুজন নাথ
উপ-সহকারী প্রকৌশলী
এফ এম বিভাগ-১



৬/৯/২৩ ৮:১৬ পূর্বাহ্ন
মোঃ গোলাম মোস্তফা
সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
এফ এম বিভাগ-১



৬/৯/২৩ ১০:০০ পূর্বাহ্ন
শেখ আরিফ রহমান জিতু
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
এফ এম বিভাগ-১



৭/৯/২৩ ১:৩৮ অপরাহ্ন
মোঃ আরিফ লতিফ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
আর পি ই এন্ড এম সার্কেল

~~৭/৯/২৩ ১:৩৮ অপরাহ্ন~~

~~মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)~~

সংযুক্তিসমূহ (৪):

- ১। Approved APP.pdf
- ২। Approved Note.pdf
- ৩। Approved Rate.pdf
- ৪। Estimate.pdf

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ১০/৯/২৩ ৯:১৯ পূর্বাহ্ন

অনুমোদিত




১০/৯/২৩ ৯:১৯ পূর্বাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

১০/৯/২৩ ৯:১৯ পূর্বাহ্ন

শেখ আরিফ রহমান জিতু
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
~~এফ এম বিভাগ-১~~

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ১০/৯/২৩ ১১:৩১ পূর্বাহ্ন

ব্যবস্থা নিন



১০/৯/২৩ ১১:৩১ পূর্বাহ্ন
শেখ আরিফ রহমান জিতু
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
এফ এম বিভাগ-১

১০/৯/২৩ ১১:৩১ পূর্বাহ্ন
সুজন নাথ
উপ-সহকারী প্রকৌশলী
এফ এম বিভাগ-১